

# **া** সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৪১

২৪/ হজ্জের নিয়ম পদ্ধতি (کتاب مناسك الحج) পরিচ্ছেদঃ ১৪৮. কিরূপে চম্বন করবে?

كَيْفَ يُقَبَّلُ

#### আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ قَالَ حَدَّثَنَا الْوَلِيدُ عَنْ حَنْظَلَةَ قَالَ رَأَيْتُ طَاوُسًا يَمُرُّ بِالرُّكْنِ فَإِنْ وَجَدَ عَلَيْهِ زِحَامًا مَرَّ وَلَمْ يُزَاحِمْ وَإِنْ رَآهُ خَالِيًا قَبَّلَهُ ثَلَاثًا ثُمَّ قَالَ رَأَيْتُ ابْنَ عَبَّاسٍ فَعَلَ مِثْلَ ذَلِكَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ رَأَيْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ فَعَلَ مِثْلَ ذَلِكَ ثُمَّ قَالَ إِنَّكَ حَجَرٌ فَعَلَ مِثْلَ ذَلِكَ وَقَالَ ابْنُ عَبَّاسٍ رَأَيْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ فَعَلَ مِثْلَ ذَلِكَ ثُمَّ قَالَ إِنَّكَ حَجَرٌ لَا تَنْفَعُ وَلَا تَضُرُّ وَلَوْلَا أَنِي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبَلْكَ مَا قَبَّلْكُ مَا قَبَلْتُكَ ثُمَّ قَالَ عُمْرُ رَأَيْتُ رَافُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبَلْكَ مَا قَبَلْتُكَ ثُمَّ قَالَ عُمْرُ رَأَيْتُ مَنْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَ مِثْلُ ذَلِكَ

#### বাংলা

২৯৪১. আমর ইবন উসমান (রহঃ) ... হান্যালা (রহঃ) বলেনঃ আমি তাউসকে দেখেছি, তিনি রোকনের কাছ দিয়ে যেতেন, যদি উক্ত স্থানে লোকের ভিড় লক্ষ্য করতেন, তবে চলে যেতেন, ভিড় করতেন না। আর যদি ভিড় শূণ্য পেতেন, তখন তাকে চুম্বন করতেন- তিন্বার। তারপর বলতেনঃ আমি ইবন আব্বাস (রাঃ)-কে এরূপ করতে দেখেছি। আর ইবন আব্বাস (রাঃ) বলতেনঃ আমি উমর ইবন খান্তাব (রাঃ)-কে এরূপ করতে দেখেছি। তিনি (উমর (রাঃ) বলতেনঃ তুমি একখণ্ড পাথর মাত্র, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তোমাকে চুম্বন করতে যদি না দেখতাম, তাহলে আমি তোমাকে চুম্বন করতাম না। তারপর উমর (রাঃ) বলেনঃ আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এরূপ করতে দেখেছি।

### **English**

It was narrated that Hanzalah said:

"I saw tawus pass by the Corner. If he saw it crowded, he would pass by and he would not push his way in. And if he way it was free, he would kiss it three times, then he said: 'I saw Ibn Abbas doing that. Ibn Abbas said: 'I saw Umar bin Al-Khattab doing that, then he said: You are just a stone that can neither cause harm or bring benefit; were it not that I saw the Messenger ofAllah kissing you I would not have kissed you.' Then Umar said:b 'I saw the



### Messenger of Allah doing that.'"

## ফুটনোট

তাহক্রীকঃ যয়ীফ। (এই শব্দে হাদিসটি মুনকার)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হান্যালা ইবন আবু সুফিয়ান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন